



জবি/প্রশা-৩২/২০০৭/ ৯৭২

তারিখ: ২২শে আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ  
০৬ই জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ**বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপাচার্য অধ্যাপক ড. মোঃ রইছ উদ্দীন-এর সভাপতিত্বে একাডেমিক ক্যালেন্ডার সংক্রান্ত ক্রাশ প্রোগ্রাম এবং পরীক্ষা সংক্রান্ত বিষয়ে গত ২৯/০৬/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে মিডটার্ম পরীক্ষা গ্রহণ, মিডটার্ম পরীক্ষার নম্বরপত্র জমা প্রদান, সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফরম পূরণ, প্রবেশপত্র ইস্যু এবং পরীক্ষা সংশ্লিষ্ট সকল কার্যক্রম নির্ধারিত সময়সূচি ও নিয়মানুযায়ী পরিচালনা করার বিষয়ে নিম্নরূপ কিছু সিদ্ধান্ত গৃহীত হয়, যা যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো :

১. বিধি মোতাবেক মিড সেমিস্টার পরীক্ষা গ্রহণ করে তা বিভাগীয় নোটিশ বোর্ডের মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করতে হবে।
২. সেমিস্টার ফাইনাল পরীক্ষা শুরুর পূর্বে C.A (Continuous Assessment) নম্বর চূড়ান্ত করে বিধি মোতাবেক তা বিভাগীয় নোটিশ বোর্ডের মাধ্যমে শিক্ষার্থীদের অবহিত করতে হবে এবং এর কপি সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি ও পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে জমা প্রদান করতে হবে।
৩. সেমিস্টার ফাইনাল পরীক্ষা শুরুর পূর্বে অবশ্যই C.A (Continuous Assessment) নম্বর জমা দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রক অফিস থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে এবং উক্ত প্রবেশপত্রানুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
৪. সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফরম পূরণের নির্ধারিত সময়-সীমা অনুসরণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে যখন তখন ফরম পূরণ করা যাবে না।
৫. ফরম পূরণের ক্ষেত্রে বিধি মোতাবেক শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতির শতকরা হার (%) মেনে চলতে হবে। বিভাগীয় চেয়ারম্যান মহোদয়কে বিষয়টি নিশ্চিত করতে হবে।
৬. সফটওয়্যারে টেবুলেশনশীট প্রস্তুত কালে প্রতি কোর্সের টপশিট অনুযায়ী নম্বরপত্র মিলিয়ে নম্বর এন্ট্রি করতে হবে এবং পরীক্ষার ফরম পূরণকৃত শিক্ষার্থীদের সংখ্যার সাথে মিল করে টেবুলেশনশীট পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে প্রেরণ করতে হবে।
৭. শিক্ষার্থী কর্তৃক কোর্স রিটেক করার জন্য নির্ধারিত (Selected) ব্যাচ ও সেমিস্টারের সাথে বিধি মোতাবেক কোর্স ফি প্রদানপূর্বক কোর্স রেজিস্ট্রেশন করে নিয়মিত ক্লাস সম্পন্ন করতে হবে এবং উক্ত সেমিস্টার ফাইনাল পরীক্ষার সময় যথারীতি পরীক্ষার ফি প্রদানপূর্বক ফরম পূরণ ও প্রবেশপত্র সংগ্রহ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
৮. রিটেক পরীক্ষার ফলাফল বিধিমোতাবেক শিক্ষার্থীর মূল পরীক্ষার পরীক্ষা কমিটি প্রকাশ করবে।
৯. কোন শিক্ষার্থী মানোন্নয়নের শর্ত পূরণ করলেই কেবল সংশ্লিষ্ট পরীক্ষার পূর্বে ফরম পূরণ করতে পারবে, যা পরীক্ষা কমিটির সভাপতিকে নিশ্চিত করতে হবে।
১০. পরীক্ষার ফরম পূরণ, Attendance এর গড় গণনা ও পরীক্ষার তারিখ নির্ধারণ ইত্যাদি বিষয়ে পরীক্ষা কমিটির সভাপতিগণ বিভাগীয় চেয়ারম্যানের সাথে সমন্বয় করে সম্পন্ন করবেন।

উপরোক্ত নির্দেশনা অনুযায়ী পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রস্তুত এর ক্ষেত্রে পরিপূর্ণভাবে একাডেমিক রুলস প্রতিপালন করার অনুরোধ করা হলো।

ডাইস চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,

(অধ্যাপক ড. মোঃ শেখ সিয়াস উদ্দিন)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জবি/প্রশা-৩২/২০০৭/ ৯৭২

তারিখ: ২২শে আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ  
০৬ই জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১-৭. ডিন, সকল অনুষদ, জবি;
- ৮-৯. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট/আধুনিক ভাষা ইনস্টিটিউট, জবি;
- ১০-৪৮. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৯. গ্রন্থাগারিক, কেন্দ্রীয় গ্রন্থাগার, জবি;
৫০. প্রভোস্ট (নওয়াব ফয়জুল্লাহ টোখুরানী হল/ছাত্র হল-১), জবি;
৫১. প্রক্টর, জবি;
- ৫২-৫৯. পরিচালক (গবেষণা/ছাত্র কল্যাণ/অর্থ ও হিসাব/পড়ুও/আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেওয়ার অনুরোধসহ)/পিতারআইপি (বঙ্গল পচারের অনুরোধসহ)/I/OAC/বহিরাঙ্গণ কার্যক্রম) জবি;